



পল্লী সঞ্চয় ব্যাংক
প্রধান কার্যালয়
রেড প্রেসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)
৩৭/৩/এ ইন্সটান গার্ডেন রোড, ঢাকা-১০০০
www.pallisanchaybank.gov.bd

নং পসব্য/প্রকা/প্রশা-৩২/২০১৮-১৯/৩৯৫৫

তারিখ : ২৬.১২.২০১৮ খ্রি.

অফিস আদেশ

বিষয় : একটি বাড়ি একটি খামার প্রকল্পের কর্মচারী পল্লী সঞ্চয় ব্যাংকে স্থানান্তর প্রসঙ্গে।

পল্লী সঞ্চয় ব্যাংক আইন, ২০১৪ এর ধারা ৩৯(২) এর বিধানানুসারে একটি বাড়ি একটি খামার প্রকল্প এবং পল্লী সঞ্চয় ব্যাংকের মধ্যে সম্পাদিত সমঝোতা স্মারকের ধারাবাহিকতায় এবং ব্যাংকের পরিচালনা বোর্ড এর ০২.০৪.২০১৮ তারিখে অনুষ্ঠিত ২৮তম সভার সিদ্ধান্ত মতে একটি বাড়ি একটি খামার প্রকল্পে নিয়োজিত নিম্নবর্ণিত ৫ জন উপজেলা সমন্বয়কারীকে প্রকল্প হতে পল্লী সঞ্চয় ব্যাংক-এর অফিসার (সাধারণ) পদে (জাতীয় বেতন স্কেল, গ্রেড-১০) নিম্নোক্ত শর্তে স্থানান্তর করা হইল


ক্র. নং	নাম ও পদবী	পিআইএমএস	কর্মস্থল	
			উপজেলা	জেলা
১	মোঃ বদরুদ্দোজা সিকদার, উপজেলা সমন্বয়কারী	৩৫৭৮	বেতাগী	বরগুনা
২	মোঃ তরিকুল ইসলাম, উপজেলা সমন্বয়কারী	৮৬৭	ভান্ডারিয়া	পিরোজপুর
৩	মোঃ জুলকার নাইন, উপজেলা সমন্বয়কারী	৫৫৯	ছাতক	সুনামগঞ্জ
৪	সৌমিত বড়ুয়া, উপজেলা সমন্বয়কারী	১০৭	সোনাগাজী	ফেনী
৫	মু. জসিম উদ্দিন, উপজেলা সমন্বয়কারী	৬৩১৮	নাইক্ষ্যংছড়ি	বান্দরবান

শর্তাবলী :

- এ স্থানান্তর ১লা আগস্ট, ২০১৮ খ্রিঃ হতে ভূতাপেক্ষভাবে কার্যকর হবে।
- একটি বাড়ি একটি খামার প্রকল্পের কার্যক্রম অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়ন করিতে হইবে।
- প্রকল্প মেয়াদকালীন সময়ে প্রকল্পের কাজে কোন প্রকার গাফিলতি, অনাগ্রহ, সময়মত কার্যাদি সম্পাদন না করা, জাল- জালিয়াতি, অর্থ আত্মসাৎ, তহবিল তহরুপ, প্রকল্পের আদেশ-নির্দেশ পরিপালন না করা ইত্যাদি পরিলক্ষিত হইলে প্রচলিত আইন ও ব্যাংকের চাকরি প্রবিধান মোতাবেক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হইবে।
- প্রকল্পে ইতোপূর্বে নিয়োজিত থাকাকালীন সময়ে সম্পাদিত কার্যাদিতে জাল-জালিয়াতি, অর্থ আত্মসাৎ, তহবিল তহরুপ ইত্যাদি উদঘাটিত হইলে উক্ত কার্যকলাপের জন্য প্রচলিত আইন ও ব্যাংকের চাকরি প্রবিধান মোতাবেক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

- ৫ স্থানান্তরিত কর্মচারীগণ বর্তমানে যে বেতন ও ভাতাদি ভোগ করিতেছেন একই বেতন ও ভাতাদি প্রকল্প চলাকালীন পর্যন্ত প্রদান করা হইবে। তবে এ বিষয়ে সরকার বা ব্যাংকের পরিচালনা পর্ষদ সময়ে সময়ে অন্য কোন সিদ্ধান্ত গ্রহণ করলে তা প্রতিপালিত হইবে।
- ৬ স্থানান্তরিত কর্মচারীদের চাকরি প্রচলিত আইন, ব্যাংকের আইন ও চাকরি প্রবিধান/ সমঝোতা স্মারকের বিধান এবং সময়ে সময়ে জারিকৃত পরিপত্র ও প্রশাসনিক আদেশাবলী, ইত্যাদি দ্বারা পরিচালিত ও নিয়ন্ত্রিত হইবে।
- ৭ স্থানান্তরিত কর্মচারীদেরকে বাংলাদেশের অভ্যন্তরে বা বাইরে (যদি থাকে) ব্যাংকের যে কোন অফিস/শাখায় নিয়োগ ও বদলী করা যাইতে পারিবে। ব্যাংকে চাকরিরত অবস্থায় যে কোন সরকারী বিভাগ/অফিস অথবা ব্যাংকের আওতাধীন যে কোন প্রতিষ্ঠানে কাজ করিতে হইতে পারে।
- ৮ এই অফিস আদেশমূলে ব্যাংকে যোগদানকৃত কর্মচারীদের ক্ষেত্রে পল্লী সঞ্চয় ব্যাংক আইনের ধারা ৩৯(১)(খ)(এ) তে বর্ণিত বিধান অনুসরণপূর্বক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে।
- ৯ এ স্থানান্তর একটি ধারাবাহিক প্রক্রিয়া। এ প্রক্রিয়া সম্পাদনে বিলম্বের কারণে কোন কর্মচারীর জ্যেষ্ঠতা ক্ষুণ্ণ হইবে না।
- ১০ ব্যাংকের চাকরিতে স্থানান্তরের সময় যোগদানপত্রের সঙ্গে নিম্নোক্ত কাগজ/সনদপত্র জমা দিতে হইবে, যথাঃ-
 - (১) জীবন বৃত্তান্ত (নির্ধারিত ছকে)।
 - (২) একটি বাড়ি একটি খামার প্রকল্প কর্তৃক ইস্যুকৃত নিয়োগপত্র এবং যোগদান পত্রের সত্যায়িত কপি।
 - (৩) শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র সমূহের সত্যায়িত প্রতিলিপি।
 - (৪) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি সত্যায়িত রঙ্গিন ছবি।
 - (৫) সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/পৌর মেয়র/কাউন্সিলর/কমিশনার/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সার্টিফিকেট।
 - (৬) ব্যাংকের নির্দিষ্ট ছকে বিশ্বস্ততা এবং গোপনীয়তা রক্ষার ঘোষণাপত্র।
 - (৭) জাতীয় পরিচয় পত্রের (এনআইডি) সত্যায়িত কপি / জন্ম নিবন্ধনের সত্যায়িত কপি।

০২। পল্লী সঞ্চয় ব্যাংকের চাকরিতে যোগদানের উপরোক্ত শর্তাবলী গ্রহণযোগ্য হইলে ১০নং শর্তে উল্লিখিত প্রমাণপত্র ও সনদপত্রসহ আগামী ১০.০১.২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে স্ব স্ব উপজেলা নির্বাহী কর্মকর্তার মাধ্যমে ব্যবস্থাপনা পরিচালকের নিকট যোগদান পত্র দাখিলের জন্য অনুরোধ করা হইল।


 (আকবর হোসেন)


ব্যবস্থাপনা পরিচালক (অতিঃ সচিব)
 ফোন: ৯৩৫৯০৮৩, ফ্যাক্স: ৯৩৪৮২০৬
 email: headoffice@pallisanchaybank.org.bd

নং পসব্য/প্রকা/প্রশা-৩২/২০১৮-১৯/ ৩৯) ৫৫

তারিখ : ২৬.১২.২০১৮ খ্রি.

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপিঃ

- ১। সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। প্রকল্প পরিচালক, একটি বাড়ি একটি খামার প্রকল্প। আলোচ্য কর্মকর্তাদের চাকরির আবেদনপত্র, নিয়োগপত্র ও এতদসংক্রান্ত অন্যান্য কাগজপত্র ব্যাংকের নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৪। জেলা প্রশাসক, -----জেলা।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, -----উপজেলা।
- ৬। উপজেলা/জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, -----উপজেলা/জেলা।
- ৭। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, -----উপজেলা।
- ৮। ব্যবস্থাপক -----শাখা।
- ৯। জনাব -----।
- ১০। নথি/মহানথি।


 (মোঃ ইসমাইল মিয়া)
 সহকারী মহাব্যবস্থাপক